সমকাল

তারিখ : 12 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# মেডিকেল ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ২৯ হাজার

■ সমকাল প্রতিবেদক

মেডিকেল কলেজগুলোতে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবার ৮৫ হাজার ২০৭ পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ২৯ হাজার ১৮৩ জন। বর্তমানে ৩০টি সরকারি মেডিকেল কলেজে আসনসংখ্যা তিন হাজার ২১২টি এবং বেসরকারি ৬৯টি মেডিকেল কলেজের আসন রয়েছে ছয় হাজার ২০৫টি। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে গিয়েও ফল জানা যাবে।

সরকারি ও বেসরকারি মিলিয়ে প্রায় ১০ হাজার শিক্ষার্থী মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি হতে পারবেন। বিডিএস কোর্সে দেশের সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজে আগামী ৪ নভেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।